# ফতওয়া নং ৩৪০

## প্রশ্নঃ

শায়েখ**!** ফসলের যাকাত কতটা পরিমান হলে **10%** আর **5%** যাকাত হয় **?** আল্লাহ আপনাকে উত্তম প্রতিদান দিক

## উত্তর:

উশরী জমি হলে  বৃষ্টির পানি দ্বারা উৎপাদিত ফসলের উশর এক দশমাংশ **(**১০**%),** এবং সেঁচের পানি দ্বারা উৎপাদিত হলে বিশ ভাগের এক ভাগ **(**৫**%)** আদায় করতে হবে।
যে সমস্ত জমি বর্তমানে মুসলমানদের মালিকানায় আছে এবং যুগ যুগ ধরে ক্রমাগতভাবে মুসলমানদের মালিকানায় ছিল। মাঝে কোনো অমুসলিমের হস্তগত হয়েছে বলে নিশ্চিতভাবে জানা না যায়**,** এসব জমি ওশরী হিসেবে গণ্য। আর যে জমিগুলো অমুসলিমদের মালিকানায় আছে বা তাদের মালিকানা থেকে মুসলমানদের মালিকানাধীন হয়েছে তা খারাজী জমি হিসেবে গণ্য হবে।**(**জাদীদ ফিক্বহী মাবাহিস ৮/১৫২**,**৯/১৭৩**)**

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ**,**জামিয়া নু'মানিয়া।
২৮ শে রমাযান**,** ১৪৪৫ হিজরী **(07/04/2024)**